

(বিদেশী অভিবাসন দপ্তর বা কর্তৃপক্ষ)

আয় এবং সম্পদের ওপর নিজস্ব বিবৃতি / স্বঘোষণা

নাম (প্রথম)

পদবি (পারিবারিক নাম)

ডুফ (DUF) নম্বর

আপনি আর্থিক সাহায্য এবং আনুষঙ্গিক সব রকম অনুদান সম্পর্কে জানতে পারবেন “ রাষ্ট্রীয় অথবা সরকারি উদ্বাস্তু শিবিরে অথবা আশ্রয়ে বসবাসকারীদের জন্য আর্থিক সাহায্যের নিয়মাবলীতে কিংবা নিয়মাবলী পড়ে ” (আর্থিক নিয়মকানুন)।

বিদেশীদের অভিবাসনের কর্তৃপক্ষ (UDI) আপনাকে আর্থিক সাহায্য দেবে একমাত্র তখনই, যখন আপনার জীবন ধারণের অন্য কোন সংস্থান বা উপায় থাকবে না। যদি আপনার কোন আয় এবং / অথবা সম্পদ থাকে, যার অর্থ জীবন নির্বাহ করার মতো আংশিক অথবা পুরোপুরি উপায় অথবা সামর্থ্য আছে, তবে আপনি আর্থিক সাহায্য পেতে পারেন না অথবা সাহায্যের পরিমাণ কমে যাবে এবং তা নির্ভর করছে মূলতঃ আপনার আয় এবং / অথবা আপনার সম্পদের ওপর। আপনার মাসিক আয় নির্দিষ্ট সীমার উর্ধ্বে থাকলে আপনার কাছ থেকে বাড়িভাড়া দাবি করা হবে।

নিজস্ব কোন আয় অথবা সম্পদ থাকলে জানাবেন

আপনাকে সঠিক আর্থিক সাহায্য দেবার জন্য আপনি অবশ্যই উদ্বাস্তু শিবিরে / আশ্রয়ে আপনার আয় বা সম্পদ সম্বন্ধে অবহিত করবেন বা জানাবেন। এই কাজটা আপনি নিজস্ব বিবৃতিতে / স্বঘোষণায় সেই ক’রেই করতে পারেন। এই তথ্যগুলি শুধুমাত্র আপনার আর্থিক সাহায্যের পরিমাণ ঠিক বা নির্ধারণ করার জন্য আবশ্যিক / ব্যবহৃত হবে।

নথিপত্র দাখিল করুন / এগিয়ে দিন

আপনার শিবির থেকে যখন আপনাকে নথিপত্র দিতে অনুরোধ করবে আপনি তখন অবশ্যই শিবিরের কাছে আর্থিক সাহায্য পাবার শর্ত বা নিয়মগুলি এখনও পূরণ করছেন / বা এখনও আপনি সেই সাহায্য পাবার উপযুক্ত বলে সংশ্লিষ্ট নথিপত্র দাখিল করবেন। যদি আপনি বিদেশী অভিবাসন দপ্তর যে সমস্ত নথিপত্র চাইছে সেগুলি দাখিল না করেন, তবে আপনার আর্থিক অনুদান বন্ধ করে দেওয়া হবে।

নিম্নলিখিত নথিপত্র আপনাকে দাখিল করতে হবে

- আপনার যদি ধার্যবেতনের বা আয়পত্র থাকে তবে তার শেষ হিসেব পত্রের কপি
- আপনার যদি ধার্যবেতন বা আয়পত্র থাকে তবে কাজের চুক্তিপত্রের কপি
- আপনার যদি নরওয়েজিয়ান ব্যাঙ্কের অ্যাকাউন্ট থাকে, তবে ব্যাঙ্কের থেকে আপনার শেষ মাসের মজুত অর্থের হিসাবের কপি
- আয়কর বিভাগের (কর্তৃপক্ষ) থেকে প্রাপ্ত আপনার শেষ বৎসরের ধার্য বা নির্ধারিত আয়ের হিসাবের নিরীক্ষা পত্র
- নরওয়েজিয়ান শ্রম বা শ্রমিক ও জনহিতকর প্রশাসন দপ্তর (NAV) থেকে প্রাপ্ত শেষ বারো মাসের অনুদানের মুদ্রিত পত্র

নিজস্ব বিবৃতি / স্বঘোষণা

আমি নিজস্ব বিবৃতির অন্তর্ভুক্ত ও অর্থ বা গুরুত্ব বুঝেছি এবং আমি যথাসাধ্য সঠিক বা নির্ভুল তথ্যাদি দিয়েছি বা জানিয়েছি।

আমি উদ্বাস্তু শিবিরের কাছে আমার ব্যাঙ্ক থেকে সম্ভাব্য বা মূলতঃ প্রাপ্য অর্থের হিসাব দিয়েছি। যে সময়ে আমি উদ্বাস্তু শিবিরে বাস করছি সেই সময়ের মধ্যে আমার যদি কোন আয় হয় বা কোন সম্পদ লাভ করি, তবে আমার শিবিরে সেটা নথিপত্র সমেত জানানো আমার কর্তব্য। যদি আমার আয় এবং / বা সম্পদের পরিমাণের কোন পরিবর্তন হয়, তাহলে আমাকে তাদের কাছে সেই আবশ্যিকীয় নথিপত্রও দাখিল করতে হবে।

এটা আমার কাছে স্পষ্ট বা আমি ভালভাবেই জানি যে আমি যদি সচেতনভাবে কর্তৃপক্ষকে ভুল বা বেঠিক তথ্য জ্ঞাপন করি বা জানাই অথবা আমার আয় এবং বা সম্পদ সম্পর্কে তথ্য সংরক্ষণ করি বা আটকে রাখি তাহলে আমার বিরুদ্ধে পুলিশের কাছে অভিযোগ দায়ের করা হবে।

আমি এটাও জানি যে যদি আমি ভুল তথ্য দিই কিংবা আমার আয় এবং / বা সম্পদ সম্পর্কে তথ্যাদি সংরক্ষণ করি বা আটকে রাখি তাহলে আমার প্রাপ্য আর্থিক সাহায্যের পরিমাণ কমেও যেতে পারে বা হারাতেও পারি অর্থাৎ আর্থিক সাহায্য থেকে বঞ্চিত হতে পারি।

তারিখ

যে ব্যক্তি এদেশে উদ্বাস্তু হিসেবে

আশ্রয় শিবিরের কর্মচারীর